শেষ বেলাকার শেষের গানে
ভোরের বেলার বেদন আনে ॥
তরুণ মুখের করুণ হাসি    গোধূলি-আলোয় উঠেছে ভাসি,
প্রথম ব্যথার প্রথম বাঁশি
বাজে দিগন্তে কী সন্ধানে  শেষের গানে ॥
আজি দিনান্তে মেঘের মায়া
সে আঁখিপাতার ফেলেছে ছায়া ।
খেলায় খেলায় যে কথাখানি
চোখে চোখে যেত বিজলি হানি
সেই প্রভাতের নবীন বাণী
চলেছে রাতের স্বপন-পানে    শেষের গানে ॥

---

Parjaay: Prem, Taal: Teyora, Raag: Kafi

Visit www.geetabitan.com for notation and other detail